


# যুগ্মত্য

## ভোলা সরকারি কলেজে দুই গ্রুপ ছাত্রের সংঘর্ষ

প্রকাশ : ২২ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ভোলা সরকারি কলেজে ভর্তি হওয়া শহরের দুই স্কুল থেকে পাস করা শিক্ষার্থীদের মধ্যে আধিপত্য বিভার কেন্দ্র করে দু'দিন ধরে ধাওয়া-পাল্টাধাওয়া ও কুপিয়ে পিটিয়ে আহত করা হয়েছে ৮-১০ জনকে। এদের মধ্যে আশঙ্কাজনক অবস্থায় সিয়াম নামের এক ছাত্রকে ভোলা হাসপাতাল থেকে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়। তাকে মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে কুপিয়ে জখম করা হয়। আবির নামের একাদশ শ্রেণির আরও এক শিক্ষার্থীকে ভোলা হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। ভোলা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর গোলাম জাকারিয়া জানান, একাদশ শ্রেণিতে ভর্তি হওয়া সরকারি বালক স্কুল ও এ রব মাধ্যমিক স্কুল থেকে পাস করা শিক্ষার্থীদের মধ্যে ক্লাস রুমে বসা নিয়ে দুন্দু দেখা দেয়। এ নিয়ে ক্যাম্পাসের বাইরে ধাওয়া-পাল্টাধাওয়া ঘটে। এ সময় এক বহিরাগত এক যুবককে আটক করে পুলিশে দেয়া হয়। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়। ক্যাম্পাস এলাকায় স্বাভাবিক পরিবেশ বিরাজ করলেও বাইরে হামলার ঘটনা শুনেছেন বলেও জানান অধ্যক্ষ। জেলা ছাত্রলীগ নেতা জাকারিয়া হোসেন অমি জানান, দুই স্কুল থেকে পাস করা শিক্ষার্থীদের মধ্যে বিরোধ শনিবার কলেজ অধ্যক্ষের কক্ষে বসেই সমাধান করা হয়। রোববার সকালে হঠাৎ করেই পথে একাদশ শ্রেণির ছাত্র আবিরকে ছুরিকাঘাত করা হয়। তাকে নিয়ে যখন ভোলা হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছিল। ওই সময় পৌর যুবলীগ সাংগঠনিক সম্পাদক মুসফিক, ছাত্রলীগ নামধারী অটোল, জাকির বাহিনী হাসপাতাল এলাকায় এলোপাতাড়ি হামলা চালায়। এ সময় সিয়ামকে কুপিয়ে জখম করে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।